দৈনিক
জনকণ্ঠ

তারিখ 27 FEB 2017
পৃষ্ঠা ১৪ কলাম ৬

# ছাত্রীকে উত্ত্যক্ত ॥ শিক্ষক সাময়িক বরখাস্ত

**নিজস্ব সংবাদদাতা, পার্বতীপুর ২৬ ফেব্রুয়ারি ॥** ছাত্রীকে উত্ত্যক্ত করার ঘটনায় বাহারুল উলুম আলিম মাদ্রাসার সহকারী শিক্ষক আবদুল মান্নাফকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির সভাপতি হাফিজুল ইসলাম প্রামাণিক রবিবার বেলা ১১টায় জরুরী মিটিং আহ্বান করে এ সিদ্ধান্ত দেন। এ ব্যাপারে ষষ্ঠ শ্রেণীর ওই ছাত্রী তাকে উত্ত্যক্ত করার ঘটনার বর্ণনা করে নিজেই বাদী হয়ে ২২ ফেব্রুয়ারি পার্বতীপুর মডেল থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন। মেয়েটির বাড়ি রামপুর ইউনিয়নের শাকোয়াপাড়া গ্রামে। পিতার নাম কফিলউদ্দিন কালু। প্রতিষ্ঠানে গেলে শিক্ষক মান্নাফকে অনুপস্থিত পাওয়া যায়। বার বার রিং দিলেও তার মোবাইল ফোন বন্ধ পাওয়া যায়। ছাত্রীটি জানায় স্যার বেশ কিছুদিন ধরে তার পিছু নিয়েছে। সুযোগ পেলেই তাকে কুপ্রস্তাব দেয়। গত ১৫ ফেব্রুয়ারি মাদ্রাসার ছাত্রছাত্রীরা শিক্ষা সফরে স্বপ্নপুরী পিকনিক স্পটে যাওয়ার সময় বাসের সিটে পেছন থেকে তাকে জড়িয়ে ধরে। গোপন জায়গায় হাত দেয়। এ দৃশ্য দেখতে পায় নাইমা আকতার ও আঁখি আকতার নামে দুই সহপাঠী। বেশকিছু অভিভাবক ও স্থানীয় লোকজন জামায়াতপন্থী ওই শিক্ষকের লাম্পট্য স্বভাবের অনেক ঘটনা তুলে তার অপসারণ দাবি করেছেন। মেয়ের পিতা কফিল মান-সম্ভ্রমের বিষয়টি মাথায় রেখে পত্রিকায় মেয়ের নাম প্রকাশ না করার অনুরোধ জানান। পার্বতীপুর মডেল থানার ওসি মোস্তাক হোসেন বলেন, তদন্তে অভিযোগ প্রমাণিত হলে অপরাধী পার পাবে না।